# জিহাদের কাফেলা

শহীদ মাওলানা জিয়াউর রহমান

# জিহাদের কাফেলা

মূলঃ-

শহীদ মাওলানা জিয়াউর রহমান ফারুকী (রহঃ)

অনুবাদঃ-

মাওলানা মুহাম্মদ সাইফুল ইসলাম

হুংকার প্রকাশনী, বাংলাদেশ।

# জিহাদের কাফেলা

মূলঃ-
শহীদ মাওলানা জিয়াউর রহমান ফারুকী (রহঃ)।
অনুবাদঃ-
মাওলানা মুহাম্মদ সাইফুল ইসলাম।

সার্বিক সহযোগীতায়ঃ
মাওলানা নজরুল ইসলাম।

প্রকাশকাল
০৭-০৪-২০০০ইং।
১লা মহররম, ১৪২১ হিজরী।
২৪শে চৈত্র, ১৪০৬ বাংলা।



মূল্যঃ ৩২.০০ টাকা।

হুংকার প্রকাশনী, বাংলাদেশ।

# উৎসর্গ

আমার শ্রদ্ধেয় মরহুম পিতার
রুহের মাগফিরাত কামনায়-

সাইফুল ইসলাম

# সূচীপত্র

# ভূমিকাঃ

চৌদ্দশত বছর যাবৎ জিহাদের কাফেলা পৃথিবীর পথ ধরে চলছে, মানব জাতি কে মুক্তির পথে আহবান করছে, শমশীর হাতে দুর্বার গতিতে এগিয়ে চলছে দিক-দিগন্তে। এ কাফেলা কুফুরী শক্তির বাঁধার বিন্ধ্যাচল ডিঙ্গিয়ে হচেছ আগোয়ান নবোদ্যমে।

দ্বীনের পতাকা মুষ্টি চেঁপে ধরে আল্লাহর কালিমা কে গালিব করতে ওরা মারছে ও মরছে। কারো হিম্মত নেই এ কাফেলার অপ্রতিরোধ্য স্রোতকে রুখে রাখতে। বদর প্রান্তরে এ কাফেলার তরবারী কোষমুক্ত হয়, তা আর কোষবদ্ধ হয়নি। হবেনা আর কিয়ামতের আগে। যারা ওদের রাস্তা আগলে দাঁড়ায়, এ দুনিয়া তাঁদের জন্যে জাহান্নামে পরিণত হয়।

গোলাম বাদীর জীবন যাপন করে পরকালে পার হতে হয়। সেখানে আবার তাদের জন্য রয়েছে দরদেনাক শাস্তি। উভয় জাহানের ক্ষতির আশংখায় ওরা মুজাহিদগণের সাথে সম্মুখ যুদ্ধে খুব কমই অবতীর্ণ হয়। তাই বলে দুশমনদের চেষ্টায় ভাটা পড়েনি। ইসলামের সূচনালগ্ন থেকেই কাফির-মুশরিক-মুনাফেক চক্র মুসলিম নিধনে জোটবদ্ধ। কিভাবে মুসলমানদের ঈমান হরণ করা যায় এবং এদের নারীদের ইজ্জত লুণ্ঠন করা যায় কিভাবে ইসলামী শক্তিকে সমূলে শেষ করা যায় এজন্য ওরা বিভিন্ন রাস্তা ইখতিয়ার করেছে। তার মধ্যে ওরা একটি রাস্তায় সবচেয়ে বেশী সফলকাম হয়েছে, তা হল মুনাফেকীর রাস্তা। এ রাস্তায় দুশমনরা কল্পনাতীত ভাবে সফলতা লাভ করেছে।

রাসূলুল্লাহ (সাঃ) এর যুগ হতে এ চক্রের কাজ শুরু হয়। নবী (সাঃ) এর যুগে মুনাফেক চক্রের নেতা ছিল আবদুল্লাহ বিন উবাই। আবদুল্লাহ বিন

উবাই ইসলামের যতটুকু ক্ষতি করে ছিল, তার চেয়ে বহুগুণে বেশী ক্ষতি করেছে তার যোগ্য শিষ্য আবদুল্লাহ বিন সাবা।

কেননা রাসূল (সাঃ) মুনাফেকদের ষড়যন্ত্র সম্পর্কে অহীর মাধ্যমে অবগত হয়ে যেতেন। পরবর্তী যুগে এটা সম্ভব হয়নি। মুনাফেক চক্র ইসলামের যে ক্ষতি করেছে কাফের বে-দ্বীন সম্মিলিত শক্তি মিলেও তা করতে সক্ষম হয়নি। সম্মুখ যুদ্ধে ওদেরকে পাওয়া যায় না। মুখ দেখলে শত্রু বলে চেনা যায় না। নামায, রোযায়, আচার-ব্যবহারে ওরা একজন আল্লাহর অলীর চেয়ে অনেকাংশে এগিয়ে। এজন্যইতো ইবনে সাবা ইসলামের বৃহৎ ক্ষতি করতে সক্ষম হয়। সে তার ষড়যন্ত্রের অংশ হিসাবে উসমান (রাঃ) ও আলী (রাঃ) কে হত্যা করে। তার শিষ্যরা এ ব্যাপারে তাকেও হার মানিয়েছে। তারা হুজুর (সাঃ) এর লাশ মোবারক চুরি করার ফন্দি এটেছিল। এ মুনাফেকদের গাদ্দারীর কারণে ইল্‌মের প্রাচীন নগরী বাগদাদ এক কালে ধ্বংস হয়। বাইতুল মাকদাস ফের দুশমনদের হাতে চলে যায়। এ সকল কুচক্রীদের কারণে ভারত উপহমাদেশ খৃষ্টানদের হাতে চলে যায়। ওরা ইসলামের কর্ণধার আলেম সমাজ কে গুপ্ত হত্যায় খুবই তৎপর। এ মুনাফেক চক্র ইমাম বুখারী (রঃ) এর উপর জুলুম করেছিল। ইমাম গাজালী, ইমাম নাসাঈ, ইমাম আহমদ (রঃ) সহ অসংখ্য আলেমের উপর চালিয়ে ছিল নির্যাতনের ষ্ট্রিমরোলার। ওদের হাতে জিম্মি হয়ে আছে আজ ইরান, ইরাক সহ বহু দেশের মুসলমান। পাকিস্তানে ওদের গুপ্ত হত্যার শিকার হচেছ খ্যাতনামা আলেম সমাজ।

হক নেওয়াজ (রঃ) এ মুনাফেক চক্রের গোমর ফাঁক করে ছিলেন বিধায় তাকে মর্মান্তিক ভাবে শহীদ করা হয়। তারপর এ

মুনাফেক চক্রের মহাতংক জিয়াউর রহমান ফারুকী (রঃ) কে শহীদ করা হয়। তিনি শহীদ হওয়ার পর তার স্থলাভিসিক্ত হন হাবিবুল্লাহ মুখতার (রঃ)। তিনিও এ দুশমনের হাতে নির্মম ভাবে শাহাদাত বরণ করেন। আরও কত শত মানুষ ওদের হাতে বলি হচেছ, তার কোন ইয়ত্তা নেই। সুতরাং, সর্বশেযে একথা বলতে পারি যে, মুনাফেক চক্র সম্মুখ যুদ্ধে কামিয়াব না হলেও এ পথে তারা যোল আনা সফলতা অর্জন করেছে। এ মুনাফেক চক্রের কাজ একটাই, তা হল গুপ্ত হত্যা। তবে ওদের নামের মধ্যে কিছুটা পরিবর্তন হয়েছে। রাসূল (সাঃ) এর যুগে ওদের কে মুনাফেক চক্র বলা হত। উসমান (রাঃ) এর যুগে যারা এ কাজ করত তাদেরকে সাবাই চক্র বলা হয়। বর্তমানে আমরা এদেরকে শিয়াচক্র বলে জানি।

এ শিয়া চক্র ইসলামের কত বড় ক্ষতি করেছে এবং করছে জিহাদের কাফেলা বইটি পড়লে আপনারা তা সহজে অনুধাবন করতে পারবেন বলে আমি আশা করি।

# শহীদের কাফেলা

আল্লাহ তায়ালার অশেষ মেহের বানী, আজ এই মহা সম্মেলনে আপনাদের সাথে মোলাকাতের সুবর্ণ সুযোগ হয়েছে। এই সাক্ষাতের সুযোগ হওয়ার জন্য করাচী নিউটাউন এর "সিপাহি সাহাবার সকল সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণকে ধন্যবাদ পেশ করছি। আমার করাচী সফর বাতিল করার সকল ষড়যন্ত্র বানচাল হওয়ায় এবং আমাকে করাচী আসতে বাঁধা প্রদান করে সরকার ব্যর্থ হওয়ায় করাচীর এ সম্মেলনের আয়োজন কারী ও ব্যবস্থাপকদের কে অসংখ্য মোবারকবাদ জানাচ্ছি। একজন ব্যবস্থাপক অতি আফসোস ও ব্যথা ভরা মন নিয়ে বলতে ছিলেন যে সরকার করাচীতে আমাদেরকে কনফারেন্স করার অনুমতি তো দিতে পারে কিন্তু জিয়াউর রহমান ফারুকীকে করাচীতে প্রবেশের অনুমতি কোনক্রমেই দিবে না। করাচী শহরের দরজা ফারুকীর জন্য খোলা হবে না, কিন্তু তারা আজ আমাদেরকে স্পষ্ট দেখতে পাচ্ছে, আজ আমরা নিজেরাই প্রবেশদার উন্মুক্ত করে নিয়েছি। আমার আসার পূর্বে তারা এয়ারপোর্ট রেলষ্টেশন সহ সকল প্রবেশ পথে অনুসন্ধিৎসুর মন মানসিকতা নিয়ে, হরিণের মত সতর্কতা নিয়ে, তীক্ষ্ম দৃষ্টিতে হোঁ হোঁ করে বিচরণ করতে ছিল আমাকে বাঁধা প্রদানের জন্য। তারা পারেনি আমাকে রুখে রাখতে। নাকাম হয়ে ব্যর্থতার গ্লানি খেয়ে ঘরে বসে গেছে। বরং রাত দশটা পর্যন্ত তাঁরা এ কথা জানিয়ে শেষ খবর পরিবেশন করেছে যে, ফারুকী এখনও আসতে পারেননি। অথচ তাদের জানা নেই যে, আমি প্রায় চৌদ্দঘন্টা যাবৎ করাচীর মাটিতে অবস্থান করছি এবং কয়েকবার সরকারকে এই বলে সতর্ক করে দিয়েছি যে,

আমাদেরকে বাঁধা দিবেন না, প্রয়োজন নেই বাঁধা প্রদানের। সেদিনের কথা স্মরণ করুন, ভুলে যাবেন না সেদিনের কথা, যেদিন শোকরগাতেও আমাদেরকে বাঁধা প্রদান করা হয়েছিল। আমরা পরিস্থিতির মোকাবালা করে বাঁধার বিন্ধ্যাচল ভেঙ্গে চুরমার করে চল্লিশজন পুলিশের নাসিকা রক্তাক্ত করে সভাস্থলে উপস্থিত হয়ে যাই, আর আমার পৌঁছার পূর্ব পর্যন্ত তারা বলতে ছিল ফারুকী এখনও আসতে পারেননি। আজকের এ জলসার পরিস্থিতিও ঠিক তদ্রুপ হয়েছে।

হে শ্রোতাবৃন্দ! আপনারা জানেন, এ সভায় আমার আসার দ্বারা সকলের মাঝে জাগরণের সৃষ্টি হয়েছে। যেন নীচের জমিন উপরে এসে গেছে, উপরের জমিন নীচে চলে গেছে। বন্ধুগণ! অতি দুঃখের বিষয়, করাচী শহরে ডাকাত দলের অনুপ্রবেশ বন্ধ করা হয়নি। বদমাইশ ও মাস্তানদের বিচরণ বন্ধ করা হয়নি, কিন্তু আমার প্রবেশদার বন্ধ করে দেয়া হয়েছে। যা হোক, আমি এ বিষয়ে তাকরীর করতে চাইনা।

প্রিয় মুসলমান ভায়েরা! এ পাকিস্তান সরকার প্রধান শান্তি প্রতিষ্ঠার জন্য আমাকে আহবান করে, আসুন! আমরা সকলে মিলে ঐক্যবদ্ধ হয়ে পাকিস্থানের সমস্ত শহর বন্দরে শান্তি প্রতিষ্ঠার জন্যে সংগ্রাম করি, আবার সেই আমাকে করাচী ঢুকতে বাঁধা প্রদান করে, যাতে কখনও এখানে শান্তি প্রতিষ্ঠা করতে না পারি। যা হোক এসব তাদের মরজী। এ নিয়ে আমি আলোচনা করবো না। আজকের সভার আলোচনার পূর্বেই আমি আমার দলের জেনারেল মাওলানা আজম তারিক সাহেবকে আজকের ঐতিহাসিক সফলতার উপর মোবারকবাদ পেশ করছি। আল্লাহ তা'আলা এ মাহফিল কে কবুল করুন! ইহা আমাদের কোন কৃতিত্ব নয়, এ কামিয়াবী হক নেওয়াজের খুনের

বিনিময়ে হয়েছে যা এলাহাবাদে ঝরেছিল। এ সফলতা ঐ টগবগে রক্তের বিনিময়ে যা চৌদ্দশত বছরের প্রতিটি যুগেই ঝরেছে। আজ আমি সেই রক্তের কিছু সুগন্ধি দেয়ার চেষ্টা করব ইন্‌শাআল্লাহ। সে টগবগে খুন দ্বারা আপনাদের হৃদয়কে সুগন্ধময় করব। সে খুনের সামান্য ইতিহাস আপনাদের দরবারে পেশ করব।

বন্ধুগণ! আপনারা জানেন, সে শোণিতের লালিমা কত জায়গায় বিস্তার লাভ করেছে। সেই খুনের নদী কোথায় কোথায় প্রবাহিত হয়েছে। কখনও সে খুন রাসূলুল্লাহ (সাঃ) এর জায়নামাজে প্রবাহের রাস্তা বানিয়েছে। কখনও কোরআনের পৃষ্ঠা গুলোকে রঙ্গীন করেছে, আবার কখনও সে রক্ত কারবালার প্রান্তরে প্রবাহিত হয়েছে। কখনও সে খুন মিশরের জেলখানাকে রক্তাক্ত করেছে। আবার সে খুন ইবনে তাইমিয়ার আকৃতিতে কারাফটকে প্রবাহিত হয়েছে। কখনও সে খুন আবু হানিফা (রঃ) এর সেকেলে দুনিয়া কে লালবর্ণ করে দিয়েছে। কখনও সে খুন ইমাম আহমদ বিন হাম্বল (রঃ) এর শরীর থেকে বেত্রাঘাতের মাধ্যমে নির্গত হয়েছে। কখনও সে খুন ইবনে তাইমিয়া, ইমাম রাজি, ইমাম গাজালী, শাহ ওয়ালীউল্লাহ্, মুজাদ্দেদে আলফে ছানী (রঃ) এর আকৃতিতে প্রবাহিত হয়েছে।

এমনিভাবে প্রবাহমান রক্ত ধারা হযরত মাওলানা হক নেওয়াজ পর্যন্ত পৌঁছেছে। হক নেওয়াজের খুনের ছয়লাব শেমলীর বন্ধনে গিয়ে মিলিত হয়েছে। হক নেওয়াজের খুনের প্রবাহমান স্রোতকে বন্ধ করে দেয়ার জন্য ইরান সহ সমগ্র পৃথিবী সোচ্চার হয়েছে। কিন্তু হক নেওয়াজের শোণিতে এত তেজস্বতা, প্রখরতা ও উত্তপ্ততা ছিল যে, সমগ্র পৃথিবী মিলেও হক নেওয়াজের খুনের ধারা বন্ধ করতে পারেনি, বরং

তাঁর খুনের সাথে আরো অনেকের টগবগে রক্ত শামিল হয়েছে। হক নেওয়াজের রুহের সাথে বহু মুসলমানের রুহ একত্রিত হয়েছে। আল্লাহ তা'আলার রহমতে আমরাও ঐ খুনের বদলায় কিছু সামনে অগ্রসর হতে পারছি।

যা হোক আমি তাঁর জন্যে আল্লাহর কাছে দু'আ করি, আল্লাহ পাক তাঁকে জান্নাতের সর্বোত্তম স্থান দান করুক!

আমার ভায়েরা! সময় বেশ হয়েছে, আপনারা তাকরীর শুনার জন্য অপেক্ষমান। এবার শুনুন, দুনিয়ার মানুষ কত ভাবে তাদের রক্ত প্রবাহ করছে, কেউ মুসলমানদের বিরুদ্ধে অস্ত্র ধরে রক্ত প্রবাহ করছে। কারো খুন মুনাফেকীর জন্য ঝরেছে। কারো খুন বাক স্বাধীনতার জন্য প্রবাহিত হয়েছে। কারো খুন সাম্প্রদায়িকতায় ঝরেছে। কারো খুন অন্ন, বস্ত্র, বাসস্থানের জন্য প্রবাহিত হয়েছে। কারো খুন বেতন বৃদ্ধির জন্য ঝরেছে। কারো খুন নেতৃত্ব ও ক্ষমতার জন্য প্রবাহিত হয়েছে। কিন্তু আজ আমি এমন লোকদের কথা আলোচনা করব, যাদের তাজা রক্ত মুহাম্মদে মোস্তফা (সাঃ) এর প্রিয় দ্বীনের জন্য ঝরেছে। যাদের খুন ইসলামের বড়ত্ব রক্ষার জন্য প্রবাহিত হয়েছে। তাদের খুন বন্দ্যা ছিলনা বরং চৌদ্দশত বৎসরের ইসলামী ইতিহাসের প্রতিযুগেই ঝরেছে। আল্লাহর মনোনীত বান্দাগণ ঐ খুন থেকে শিক্ষা গ্রহণ করে সীমাহীন রক্ত ঝরিয়েছেন। আজ আমার গর্ব হচ্ছে যে আমার মুরব্বী হক নেওয়াজের রক্তও একই পথে ও একই চিন্তাধারায় প্রবাহিত হয়েছে। দুনিয়ার ধন সম্পদ, ক্ষমতা-নেতৃত্ব, এজেন্সি ইত্যাদির জন্য তাঁর রক্ত প্রবাহিত হয়নি।

আমার ভায়েরা! আমাদের অনেক সাথী শহীদ হয়ে গেছেন। আল্লাহর দ্বীন বুলন্দ করার জন্য তাঁরা অকাতরে প্রাণ উৎসর্গ করেছেন। আমার কাছে এক লোক অতি আফসোসের সহিত বলতে ছিলেন যে আমাদের অনেক সাথী শহীদ হয়ে যাচ্ছে, আমি তাকে বলতে চাই, চিন্তার কারণ নেই। তারা তো দুনিয়ার জন্য প্রাণ দেয়নি, তাঁরা দ্বীনের জন্য প্রাণ দিয়েছেন। তাঁরা যদি কোন নেতৃত্বের জন্য মারা যেত, তাহলে লোকজন তাদেরকে তিরস্কার করত। যদি কোন এজেন্সির জন্য জীবন দিত, তাহলে মানুষ তাদেরকে ভৎসনা করত। যদি ধন-সম্পদের লোভে প্রাণ দিত, তাহলে দুনিয়ার মানুষ তাদের শাহাদাতের ব্যাপারে সমালোচনা করত। এ সমস্ত মুমিনগণ এ জন্য প্রাণ বিসর্জন করেছেন এবং কবর জগতে পা বাড়িয়েছেন, যাতে এ পথের পূর্বসূরী হযরত ওমর ফারুক (রাঃ) কে কেউ গালি দেয়ার সাহস না পায়, হযরত আবুবকর (রাঃ) কে কেউ তার অকথ্য ভাষার পাত্র না বানায়। হযরত আলী ও উসমান (রাঃ) কে কেউ হেয় নজরে না দেখে।

আজ আমাদের গর্ব যে, ইসলাম নামের বৃক্ষটির গোড়ায় প্রতি যুগেই রক্ত ঝরেছে। বাতিলের বিষ দাঁত ভেঙ্গে দিতে আহলে হকদের খুন অবিরাম গতিতে ঝরছে। এ খুন অনেক নদী সাগরের পানিকে লালে লাল করে দিয়েছে। বাদশাহ আকবরের দ্বীনে এলাহীকে প্রতিহত করতে, মুজাদ্দেদে আলফে ছানীর লস্কর থেকে রক্ত ঝরেছে। উপমহাদেশে স্বাধীনতার সূর্য টিকিয়ে রাখতে টিপু সুলতান রক্তাক্ত হয়েছেন। ইংরেজদের অবৈধ দখলদারিত্ব বন্ধ করতে যেয়ে নিজের জান বাজী রেখে যুদ্ধ করেছেন নবাব সিরাজুদ্দৌলা। ইংরেজদের বিরুদ্ধে রক্ত ঝরিয়েছেন সালাহুদ্দীন আয়্যুবী। রক্ত ঝরিয়েছেন নুরুদ্দীন জংগী। রক্ত

ঝরিয়েছেন ইবনে তাইমিয়া, আবু হানিফা, ইমাম গাজালী, ইমাম মালেক, ইমাম বোখারী, ইমাম নাসায়ী সহ অসংখ্য মহা মানব। মুহাম্মদ মোস্তফা (সাঃ) এর অসংখ্য সাহাবীর তাজা রক্ত এ পৃথিবী প্রত্যক্ষ করে শত বার মর্মাহত হয়েছে।

হুজুর আকরাম (সাঃ) এর জীবদ্দশায় দুইশত সাতাশি জন সাহাবীর খুন ঝরেছে। অর্থাৎ নবী করীম (সাঃ) এর জীবদ্দশায় দুইশত সাতাশি জন সাহাবী শাহাদাত বরণ করেন। খিলাফতে রাশেদার যুগে সাতত্রিশ হাজার সাহাবীর রক্ত ঝরেছে।

বন্ধুগণ! ইসলাম ও দ্বীনের জন্য রক্ত প্রবাহিত করা গর্বের বিষয়, বীরত্বের পরিচয়। আমরা কাদের উত্তরসূরী? আমরা এমন সব মহামানবগণের উত্তরসূরী, যারা মুহাম্মদে মোস্তফা (সাঃ) এর হিফাজতের জন্য প্রাণ বিলীন করেছেন। নবী (সাঃ) এর চৌকিদারী করতে যেয়ে শাহাদাত বরণ করেছেন। আজ আমার দলের লোকেরা বলে থাকেন "হামারা নাম সিপাহী সাহাবা- হামারা কাম হিফাজতে সাহাবা"। আমাদের নাম সিপাহী সাহাবা এবং আমাদের কাজ সাহাবায়ে কিরামের সম্মান রক্ষা করা, তাদের শান বুলন্দ করা। সাহাবায়ে কিরামকে সমালোচনার উর্দ্ধে মনে করা।

ভায়েরা আমার! সাহাবীগণের হিফাজত কেন করতে হবে? সাহাবীগণের ইজ্জত রক্ষা ও তাদের চৌকিদারী কেন করতে হবে? সাহাবীগণের গালমন্দ কারীদের বিষদাঁত কেন ভেঙ্গে দিতে হবে? এই জন্য, যেহেতু সাহাবায়ে কিরাম (রাঃ) নবী (সাঃ) এর চৌকিদারী করতেন, তাঁরা কামলিওয়ালার নওকরী করতেন, তাঁরা মুহাম্মদে মোস্তফা (সাঃ) এর জানের হিফাজত ও ইজ্জত রক্ষা করতেন। সাহাবায়ে কিরাম

আল্লাহর দুশমনদের হাত থেকে কোরআন কে সংরক্ষণ করেছেন। খোদার বড়ত্ব ও শ্রেষ্টত্ব বর্ণনা করতেন। তাঁরা আল্লাহর একত্ববাদকে দুনিয়ার বুকে প্রতিষ্ঠা করেছেন। সাহাবাগণ বাইতুল্লার সংরক্ষণ সহ মদিনার হুরমাতের অতন্দ্র প্রহরী ছিলেন।

এখন যদি এ সমস্ত মহামানব নবী সহচরদের উপর কেউ কটুক্তি করে, তাঁর ময়লাযুক্ত অন্তরের ক্রোধানল সাহাবাদের উপর বর্ষণ করে, তাহলে আমার উপর ফরজ হবে যে, যেভাবে তাঁরা (সাহাবা কিরাম) রাসূলুল্লাহ (সাঃ) এর কদম মোবারকে প্রাণ উৎসর্গ করেছেন, তেমনি ভাবে আমার উপরও ফরজ হবে, আমি সাহাবায়ে কিরামের কদম মোবারকে প্রাণ উৎসর্গ করব। তাঁরা যেভাবে মুহাম্মদে মোস্তফা (সাঃ) এর নামে নিজেদেরকে বিলীয়ে দিয়েছেন, আমার উপর ও ফরজ হবে সাহাবীগণের নামে আমার জীবন বিলীয়ে দেয়া। যেভাবে তাঁরা নবী (সাঃ) এর ইজ্জত রক্ষার জন্য শহীদ হয়েছেন, আমার উপর কর্তব্য হবে, আমি যেন তাদের ইজ্জত রক্ষার জন্য শাহাদাত বরণ করি। যেভাবে তাঁরা হুজুর (সাঃ) এর সঙ্গীনী হযরত আয়েশা সিদ্দিকা (রাঃ) এর ইজ্জত রক্ষার জন্য জান কোরবান করেছেন, আমার উপর ও জরুরী হবে আমি হযরত আয়েশা (রাঃ) এর পাক দামানীর জন্য জান কোরবান করব। সাহাবায়ে কিরাম যেমনি ভাবে উত্তপ্ত বালুর উপর চামড়ার পিঠ লাগিয়ে মুহাম্মদে আরাবীর কালিমা বুলন্দ করেছেন, আমারও দায়িত্ব হলো জেলখানার কঠিন শাস্তি স্বাদরে গ্রহণ করা। সকল বাঁধা উপেক্ষা করে কালিমার আওয়াজ পৃথিবীতে বুলন্দ করা। যাঁরা জ্বলন্ত অগ্নিকুন্ডে ঝাঁপ দিয়ে, যাঁরা ডেগের উত্তপ্ত টগবগে তেলে ঝাঁপিয়ে পড়ে, পায়ে জিঞ্জির পড়ে ও হাতে বেড়ী লাগিয়ে আদরের সন্তান কে কোমল স্নেহ থেকে

বঞ্চিত করে, জীবন সঙ্গীনী স্ত্রীকে বিধবা করে, মুহাম্মদ মোস্তফা (সাঃ) এর গোলামী করে, নবী আরাবী (সাঃ) এর চৌকিদারী করে, আল্লাহ তা'আলার সন্তুষ্টি অর্জন করেছেন। আজ যদি আমাদের দেশে তাদেরকে কাফির বলা হয়, তাদের শানে গোস্তাখী করা হয়, তাহলে আমি তাদের তরে জীবন দিয়ে দিব, যেভাবে তাঁরা মুহাম্মদ (সাঃ) এর তরে কোরবান হয়েছেন। আজ আমি আমার শরীরকে রক্তাক্ত করে দিব, যেভাবে তাঁরা রাসূলুল্লাহ (সাঃ) এর জন্য স্বীয় শরীরকে তীরের আঘাতে ক্ষত-বিক্ষত করেছেন। আমার সন্তানকে ইয়াতিম করে দিব, যেভাবে তাঁরা নিজ সন্তানকে পিতৃহারা করে, নবী (সাঃ) এর ইজ্জত বুলন্দ করেছেন।

ভায়েরা আমার! আমি আপনাদের সামনে শোহাদায়ে কিরামের ইতিহাস তুলে ধরব। শহীদানদের খুনের সুভাস দ্বারা আপনাদের কে সুভাসিত করব। চৌদ্দশত বছরের ঐ রক্তাক্ত ইতিহাসের প্রতি পৃষ্ঠা আপনাদের কাছে খুলে দিব। ইবনে হিশাম এবং তারিখুলবুগুল এর ঘটনাবলী স্পষ্ট ভাবে বয়ান করবো। কাদেসিয়া, জঙ্গে ইয়ারমুক, বদর, উহুদের সমস্ত শহীদের ইতিহাস আপনাদের সামনে উপস্থাপন করব ইন্শাআল্লাহ্। আমি বলব, রাসূলুল্লাহ্ (সাঃ) এর মুহাব্বতে কারা জান কোরবান করেছেন? বদর উহুদে কে কে শহীদ হয়েছেন? ছায়্যিদুশ্শূহাদা কোন যুদ্ধে শহীদ হয়েছেন? কুস্তুন্তুনিয়া এলাকায় কারা অকাতরে জীবন বিলীয়ে দিয়েছেন? তাতারীদের দৃষ্টান্তমূলক মোকাবালা কারা করেছিলেন? ইসলামের শুরুলগ্ন থেকে আজ পর্যন্ত স্রোত বেগে শহীদের খুন বয়েই যাচ্ছে। পৃথিবীর অনেক শুস্ক জমিন শহীদের খুনের দ্বারা আদ্রতা পেয়েছে। মৃত্তিকা, তার গর্ভে শহীদানের রক্তাক্ত লাশ ধারণ করেই যাচ্ছে। টগবগে খুন বয়েই যাচ্ছে অবিরাম গতিতে। বিনিময়ে

ইসলামের ঝান্ডা উঁচু হয়ে আসছে। মুসলমান ভায়েরা! যে সকল মহামানবগণ তাজেদারে রিসালাতের জন্য জান কোরবান করেছেন, আজ তাদেরকে কাফির বলা হবে, আর আমি চুপটি করে থাকবো, তাদেরকে মুরতাদ বলা হবে আর আমি মুষ্টি বন্ধ করে রাখবো, এটা হতে পারে না, যখন মুহাম্মদ মোস্তফা (সাঃ) কে মন্দ বলা হয়েছিল, তখনতো সাহাবায়ে কিরাম চুপ করে থাকেননি। যখন নবী আরাবী (সাঃ) কে হেয় প্রতিপন্ন করা হতো, তখন তাঁরা মুষ্টি বন্ধ করে রাখতেন না। যখন কামলিওয়ালা কে তীর মেরে নিঃশেষ করে দেয়ার চেষ্টা করত, তখন তাঁরা বৃষ্টির ন্যায় তীরের মাঝে কামলিওয়ালার ঢাল হয়ে যেতেন। উহুদের যুদ্ধে নবী (সাঃ) কে মাঝখানে বসিয়ে ১০/১২ জন সাহাবা সৈনিক চারপাশে দাঁড়িয়ে কাফেরদের দিকে বুক দিয়ে প্রাচীর সৃষ্টি করে ছিলেন, যাতে তীর বর্যার শত আঘাত তাদের গায়ে লাগে। নবী (সাঃ) এর শরীরে কোন আচঁড় না কাটে। আজ সে সকল মহামানব কে মুনাফেক বলা হবে, আর আমি খামুশ থাকব, তাঁদের মহিলাদের কে ব্যভিচারীনী বলা হবে, আমি মুখ বন্ধ করে রাখব, তাদের স্ত্রীদের বদমাইশ বলা হবে আমি মুখে তালা দিয়ে রাখব, আমার অস্তিত্ব বাকী রাখব এটা কোন দিন হতে পারে না। যাঁরা স্বীয় জান মাল কোরবান করে গায়ের শক্তি অসার করে, মুহাম্মদ মোস্তফা (সাঃ) এর হিফাজত করেছিলেন, আজ তাদেরকে যদি কাফির বলা হয়, তাদের এহানত করা হয়, তাহলে তাঁদের ইজ্জত রক্ষার্থে আমার সর্বস্ব বিলীন করে দিব, প্রয়োজনে হাতকড়ি হস্তে ধারণ করব, পায়ে বেড়ী পড়ব, ফাঁসির রশ্মি স্বাদরে গ্রহণ করব, বুলেট ও গুলির প্রচন্ড আঘাত বুকে টেনে নিব, সন্তানের ভালবাসা, অর্ধাঙ্গীনীর মায়া-কান্না, পিতার পিতৃ স্নেহ, মাতার মাতৃস্নেহ, ভাই বোনের আদর সোহাগ পেছনে

ছুঁড়ে মেরে শাহাদাতের অমীয় সুধা পান করব, তবুও সাহাবাদের শানে এমন গোস্তাখী সহ্য করব না। আমার গায়ে এক বিন্দু রক্ত থাকবে, আর আবুবকর (রাঃ) কে গাল মন্দ করা হবে। আমার দেহে এক ফোটা খুন থাকবে আর বেলাল হাবশী কে হেয় প্রতিপন্ন করা হবে, তা কখনও সহ্য করা হবে না। বন্ধুরা আমার! আপনাদের হয়ত জানা আছে, ইসলামের রক্তঝরা ইতিহাসে প্রথম শহীদ কে? রাসূলুল্লাহ্ (সাঃ) এর যুগের আখেরী শহীদকে? নবী (সাঃ) এর যুগে মোট কত জন শহীদ হয়েছেন? খিলাফতে রাশেদার যুগে মোট কত জন শহীদ হয়েছেন? যদি আপনারা মনযোগ সহকারে শ্রবন করেন, তাহলে সেই সোনালী ইতিহাস থেকে অজ্ঞতার পর্দা উঠিয়ে কিছু জ্ঞানের আলো ছড়াব। পুরুষদের মধ্যে হযরত যায়েদ বিন হালা (রাঃ) সর্ব প্রথম ইসলামে শাহাদাতের সিঁড়ি উন্মুক্ত করেন। যিনি হযরত খাদিজাতুল কুবরা (রাঃ) এর প্রথম স্বামীর প্রথম ছেলে ছিলেন। যাকে খানায়ে কা'বার সামনে লোহার বর্যা দ্বারা আঘাত করে অভিশপ্ত আবুজাহল শহীদ করেছিল। নবী (সাঃ) এর জীবদ্দশায় সর্বশেষ শহীদ হযরত রাবিয়া (রাঃ)। মহিলাদের মধ্যে সর্ব প্রথম শহীদ সুমাইয়া (রাঃ)। এখন ঐ সমস্ত শহীদানের বিস্তারিত অবস্থা বর্ণনা করব, যাঁরা রাসূলুল্লাহ (সাঃ) এর যুগে শহীদ হয়েছেন। বদরের যুদ্ধে চৌদ্দজন সাহাবী শাহাদাতের সৌভাগ্য অর্জন করেন। খোমেনী তার কিতাব তাহরীরুর রাসায়েল এবং উছুলে কাফীতে লিখেছে যে, দেড় লাখ সাহাবীর মধ্যে মাত্র চারজন ব্যতীত কারো অন্তরে ঈমান ছিলনা। হুজুর (সাঃ) ইন্তেকালের পর সকলে মুরতাদ হয়ে গিয়েছিলেন। উক্ত চারজন হলেন (১) হযরত মেকদাদ (রাঃ) (২) আম্মার ইবনে ইয়াসির (রাঃ) (৩) আবুযর গিফারী (রাঃ) (৪)

হযরত সালমান ফারেসী (রাঃ)। এই চারজন মুসলমান ছিলেন, বাকী সকলে মুরতাদ হয়ে গিয়েছিলেন। (নাউযুবিল্লাহ্)।

আমি খোমেনীর বিকৃত লেখার উপরে প্রশ্ন উত্থাপন করি যে, যদি শুধু চারজন সাহাবী মুসলমান হয়ে থাকেন আর বাকী সব মুরতাদ হয়ে থাকেন, যাদের মধ্যে বিন্দু মাত্র ঈমান ছিলনা, তাহলে বলতে হবে যে, বদরের ময়দানে যে চৌদ্দজন সাহাবী নবী (সাঃ) এর আশে পাশে শহীদ হয়েছেন, তাঁরা ঈমান ছাড়া শহীদ হয়েছেন? বদরের ময়দানে দুইজন ছোট বাচ্চা ও শাহাদাত বরণ করেছেন। উহুদের পাহাড়ে সত্তরজন সাহাবী শহীদ হয়েছেন, যাদের মধ্যে হযরত হামজা (রাঃ) ও ছিলেন। যাকে নবী মোস্তফা (সাঃ) সাইয়্যিদুশ্‌শুহাদা উপাধিতে ভুষিত করেছেন। উহুদ যুদ্ধে হানজালা (রাঃ) ও শহীদ হয়েছেন। যার গোসল আরশে মহল্লায় মা'সুম ফেরেস্তারা দিয়েছিলেন। স্ত্রীর সাথে আনন্দঘন মুহূর্তেও যিনি কামলিওয়ালার ডাকে সাড়া দিয়েছেন। খন্দকের যুদ্ধে তেরজন সাহাবী শহীদ হয়েছেন। হুনাইনের ময়দানে সতেরজন সাহাবী আল্লাহর রাহে প্রাণ উৎসর্গ করেছিলেন'। খাইবর যুদ্ধে উনিশজন সাহাবী শাহাদাত বরণ করেছেন। বিরে মাউনায় ৬৮ জন সাহাবা সৈনিক শহীদ হয়েছেন। বনু লিহয়ানের কবিলায় দশজন সাহাবী শহীদ হয়েছেন। তবুকের যুদ্ধে ছয়জন সাহাবী শহীদ হয়েছেন এবং বিভিন্ন ভাবে আরো সত্তর জন সাহাবী শহীদ হয়েছেন। নবী করীম (সাঃ) এর যুগে সর্বমোট ২৮৭ জন সাহাবী শহীদ হয়েছেন। খোলাফায়ে রাশেদীনের মধ্য হতে হযরত আবুবকর (রাঃ) এর যুগে আড়াই হাজার সাহাবী শাহাদাত বরণ করেছেন। ফারুকে আজমের যুগে চৌদ্দ হাজার সাহাবী শহীদ হয়েছেন। উসমান গনী (রাঃ) এর খিলাফত কালে ষোল হাজার সাহাবী শহীদ

হয়েছেন। তারপর জংগে সিফফিন ও জংগে জামাল এ অনেক সাহাবায়ে কিরাম শহীদ হয়েছেন। সে যুদ্ধে অনেক সাহাবী ছিলেন এবং অনেক তাবেয়ী ও ছিলেন। ইসলামের ইতিহাস শহীদের টগবগে খুনের দ্বারা লিপিবদ্ধ হয়েছে কিন্তু মুসলমান আজ তাঁদের উজ্জ্বল ইতিহাস ভুলে বসেছে। আফসোসের বিষয়! যখন কালের চাকা ঘুরে হজ্বের মাস শেষ হয়ে মহররম মাস আসে, তখন শিয়া, সুন্নী মুসলমান সকলেই বলে, এই পবিত্র মাসে হযরত হুসাইন (রাঃ) শহীদ হয়েছেন। যিনি কারবালার প্রান্তরে শহীদ হয়েছেন। যে শহীদের কাছে তিন দিন পানি বন্ধ ছিল, সে শহীদের কথা শুধু তোমাদের স্মরণ আছে আর যে শহীদের কাছে চল্লিশ দিন পর্যন্ত পানি পৌঁছেনি, চল্লিশ দিন যাবৎ যিনি পানির অভাবে অসহনীয় কষ্ট সহ্য করেছেন সেই শহীদের কথা তোমাদের স্মরণ নেই। সেই শহীদের কথা তোমরা কেমনে ভুলে গেলে? ঐতিহাসিক কারবালা প্রান্তরে যিনি শাহাদাত লাভ করেছেন তার কথাই তোমরা বারবার মনে করে থাক। কিন্তু যিনি মদিনায় শাহাদাত লাভ করেছেন। শুধু মদিনায় নয় বরং নবীর মসজিদে, পয়গাম্বরের মেহরাবে, কামলিওয়ালার মোসল্লায়, ফজরের নামাজরত অবস্থায় শহীদ হয়েছেন। যখন কিয়ামতের দিন আসবে, তখন পয়গাম্বরের ঐ রক্তাক্ত মোসাল্লা আল্লাহর আদালতে বলবে, হে আল্লাহ! আমি তোমার রাসূল (সাঃ) এর সিজদার সাক্ষ্য দিচ্ছি এবং ফারুকে আজমের খুনের ও সাক্ষ্য দিচ্ছি। মুসলমান ভায়েরা! মহররম মাস আসছে, শহরের সর্বত্র গরম হতে যাচ্ছে পুলিশ তুমুল লড়ায়ের কল্পনা করে দিশেহারা হয়ে পড়ছে। মৌলভী ও পীর সাহেবগণও পেরেশান হয়ে গেছেন। কেন এ পেরেশানী? যেহেতু নবী (সাঃ) এর দৌহিত্র এ মুহররম মাসে শহীদ হয়েছেন, এজন্য পেরেশান।

চৌদ্দশত বছর পূর্বের মর্মান্তিক ঘটনার উপর পেরেশান। এ দিনে রাসূল (সাঃ) এর নাতী হুসাইন (রাঃ) শহীদ হয়েছেন, এজন্য এত পেরেশান। মহররমের নবম ও দশম তারিখ সরকারী ছুটির দিন। পাকিস্থানের এক গভর্ণর জেনারেল মির্জা সিকান্দর ছিলো শিয়া পন্থী, সে এই দুই দিনকে ছুটির দিন হিসাবে ঘোযনা করেছে। তারপর চুয়াল্লিশ বছর যাবৎ এ পাকিস্তানে এমন কোন সুন্নী গভর্ণর আসেনি, যার একথা জানা আছে যে, ফারুকে আজম ও শহীদ হয়েছিলেন। শহীদ শুধু হুসাইন (রাঃ) হয়নি, এর চেয়েও মর্মান্তিক ভাবে শাহাদাত লাভ করেছেন  অনেক সাহাবা সৈনিক। হযরত উসমান গনী (রাঃ), হযরত আবুবকর (রাঃ), হযরত আলী মুর্তোজা (রাঃ) প্রমুখ বিশিষ্ট আকাবির সাহাবীগণ ও শাহাদাত বরণ করেছিলেন। আফসোস! তাঁরা কি মুসলমান ছিলেন না? কিসের অভাব ছিল হযরত ফারুকে আজমের মধ্যে ও সিদ্দিকে আকবর (রাঃ) এর মধ্যে? কি ক্রটি ছিল হযরত আলী ও উসমান গনী (রাঃ) এর মধ্যে। তাদের শাহাদাতের কাহিনী কেন টিভির মাধ্যমে সম্প্রচার করা হয় না। তাঁরা কি অপরাধ করেছে? আসলে এই সকল ক্ষমতা বাহী শাসকরা ইসলামের নাম জপে রাফেজিয়্যাত, শিয়ায়িয়্যাতের চরিত্র ও আদর্শ প্রতিষ্ঠা করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। শ্রোতা বন্ধুরা! আজ আমরা মুসলমানের সুপ্ত হৃদয়ে এই অনুভূতি জাগিয়ে তুলতে চাই যে, ইসলাম নামক বিশাল বৃক্ষের গোড়ায় শুধু একজন শহীদের খুন ঝরেনি, বরং ইসলামের সকল শাখা প্রশাখা গুলোতে বহু শহীদের খুন ঝরেছে। যার ফলে ইসলাম নামক বৃক্ষ সতেজ রয়েছে। আমার কাছে এমন শহীদের ঠিকানা রয়েছে যে, সে যে দিন আল্লাহর রাহে কাজ শুধু করেছে সে

দিনই আল্লাহর ডাকে সাড়া দিয়ে শহীদ হয়ে কোরবানী করার ও জীবন উৎসর্গ করার ছবক দিয়ে গেছেন।

হে মুসলমান বন্ধুরা! তোমরা ঐ শহীদের কথা কেন ভুলে গিয়েছ? যিনি উহুদ পাহাড়ের নীচে তড়পাতে ছিলেন। যার লাশের স্পন্দন জমিন সহ্য করতে পারছিল না। তিনি নবী মোস্তফা (সাঃ) এর খুব ঘনিষ্ট সাহাবী ছিলেন। তাঁর লাশের উপর আলমে বরযখের পোযাক, কাফনের কাপড় রাখা হলে কাপড়ের স্বল্পতার দরুণ পুরো লাশ ঢাকা সম্ভব হচ্ছিল না। এ সংবাদ পেয়ে হুজুর (সাঃ) এর আখিদ্বয় অশ্রুসিক্ত হয়ে গেল। সাহাবায়ে কিরাম বললেন, ইয়া রাসূলাল্লাহ (সাঃ)! কাপড়ের স্বল্পতার দরুণ পুরো লাশ ঢাকা সম্ভব হচ্ছে না। তাঁর অবয়ব লম্বা আকৃতির ছিল, হুজুর (সাঃ) কেঁদে কেঁদে বললেন, হে আল্লাহ! এই ব্যক্তি মুসলমান হওয়ার পুর্বে দিনে দুই সিট করে জামা পড়তেন। মুসলমান হয়ে কালেমা তায়্যিবাহ পড়ার পর আজ তার কাফনের পূর্ণ ব্যবস্থা হচ্ছে না। নবী (সাঃ) ফাইসালা দিলেন যে, তার চেহারার উপর কাপড় দিয়ে দাও। পায়ের অংশে ঘাস দিয়ে ঢেকে দাও। কিয়ামতের দিবসে এ ঘাস আল্লাহর দরবারে তাঁর শাহাদাতের সাক্ষ্য দিবে যে আমার কাছে শহীদ আছে। শহীদের খুন আছে। খুনের অসংখ্য ফোঁটা আছে। শহীদের লাশ আছে। ওহে মুসলমান! তোমরা ঐ শহীদের ইতিহাস কিভাবে ভুলে গিয়েছ? যার কবর দেয়া হয়েছে উহুদ পর্বতে। নাম তাঁর হামজা (রাঃ)। যিনি হুজুর (সাঃ) এর আপন চাচা ছিলেন। নবী আরাবী (সাঃ) এর পবিত্র যবান দ্বারা যার উপাধি হয়েছে সায়্যেদুশ্শুহাদা। তাঁর সাড়ে তিনহাত দেহের বারটি টুকরা উহুদ পাহাড়ে বিক্ষিপ্ত হয়ে পড়ে ছিল। হুজুর (সাঃ) লাশের কাছে আসলেন। মনের অজান্তেই অশ্রুধারা প্রবাহিত হলো। হুজুর (সাঃ)

বললেন, হে আল্লাহ! আমার এই চাচাজানের উপর আমি সন্তুষ্ট, তুমিও সন্তুষ্ট হয়ে যাও। নবী করীম (সাঃ) ফরমালেন, আমার ফুফু ছফিয়্যাহ কে সংবাদ দাও। তিনি যেন তাঁর ভায়ের লাশের কাছে আসে। খোদার কসম! কোন বোন তাঁর ভায়ের লাশের এরূপ ছিন্নভিন্ন টুকরার কাছে এসে স্থির থাকতে পারবে না। আহ! কি হিংস্রতায় ভরপুর কাফেরদের হৃদয়। শরীরের গোস্ত এমন ভাবে টুকরা টুকরা করা হয়েছিল, যেমনভাবে কসাই বকরীকে করে থাকে। হযরত হামজা (রাঃ) এর চক্ষুদ্বয় উপড়ে ফেলা হয়েছিল। হাত দুটো ছিল দেহ থেকে আলাদা। কদম মোবারকদ্বয় কে দেহের সাথে মিলিত পাওয়া যায়নি। তাঁর কলিজাকে ঝাঁঝরা করে দিয়ে ছিল ঐ পাষন্ডরা। পড়ে আছে অন্য স্থানে। মানুষ বলে চেনা যায় না তাকে। হুজুর আকরাম (সাঃ) বললেন, আমার চাচাজানের টুকরো গুলো একটি কাপড়ে একত্রিত করো! রাসূলুল্লাহ (সাঃ) এ অবস্থা দেখে পেরেশান হয়ে ছিলেন। অশ্রু ঝড়ালেন। কিন্তু সফিয়্যাহ (রাঃ) এর মধ্যে কোন পরিবর্তন দেখা গেল না। বরং ভায়ের শাহাদাতে নিজেকে ধন্য মনে করলেন। হে মুসলমান ভায়েরা। পয়গাম্বরের ছোট ফুফু নিজের সহোদর ভায়ের লাশের টুকরা দেখেও হায়হুতাশ করেননি, ভেঙ্গে পরেননি। ধৈর্য্য ধারণ করে এ কথারই সবক দিলেন, যে আমার এরকম শত ভাই শহীদ হতে পারে, রক্তের বন্যা বয়ে যেতে পারে, কিন্তু মুহাম্মদে মোস্তফা (সাঃ) ও ইসলামের সামান্য ক্ষতি ও সহ্য করা যাবে না। বরদাশত করা হবে না। মুহাম্মদে আরাবী ও ইসলামের উপর চরম আঘাত আসা সত্ত্বেও যাদের অন্তরে প্রতিশোধ নেয়ার স্পৃহা জাগে না। লক্ষ লক্ষ মুসলমান কাফের বেদ্বীনদের হাতে নির্মম ভাবে শহীদ হওয়া সত্ত্বেও যাদের অস্ত্র হাতে নিতে মন চায় না,

তাঁরা কিসের মুসলমান?। তাদের ঈমানে অবশ্যই দুর্বলতা রয়েছে। এটা আমার কথা নয়। রাসুল (সাঃ) নিজেই একথা বলেছেন।

مَنْ مَاتَ وَلَمْ يَغْزُ وَلَمْ يُحَدِّثْ بِهِ نَفْسَهُ مَاتَ عَلَى شُعْبَةٍ مِّنَ النِّفَاقِ

অর্থঃ যে ব্যক্তি মারা গেল অথচ স্বশস্ত্র জিহাদ করলো না বা স্বশস্ত্র জিহাদের নিয়ত ও করলো না, তারা অন্তরে নেফাক নিয়ে মৃত্যু বরণ করলো।

বন্ধুরা আমার! উহুদ যুদ্ধের ঘোষণা হয়েছে। সকলেই উহুদ প্রান্তরে চলছে। একজন সাহাবী বিবির কাছে রাত্রি-যাপন করেন। তিনি নতুন বিবাহ করার কারণে রয়ে গেছেন। বাসর রাত্রি কেটে ভোর হতে লাগল। ফজরের নামাজের পূর্বে গোসলের জন্য হাম্মাম খানায় প্রবেশ করলেন। গোসল ফরজ হয়েছে। আকস্মিক যুদ্ধের দামামা বেঁজে উঠল। রাসূলুল্লাহ্ (সাঃ) এর এক সংবাদদাতা সজোরে আওয়াজ দিচ্ছিল, হে মদিনা বাসী! উঠো, জাগো! উহুদ প্রান্তরে, সত্য-মিথ্যা, হক-বাতিল, ন্যায়-অন্যায়ের লড়াই শুরু হয়েছে। নবী (সাঃ) এর হুকুম হাম্মাম খানার লোকটির কর্ণ কুহুরে পৌঁছে গেল। গোসলের আর সুযোগ হলনা। দ্রুত বেরিয়ে আসলেন হাম্মাম খানা হতে। স্ত্রী জিজ্ঞেস করলেন, গোসল করেননি কেন? উত্তরে বললেন, রাসূলুল্লাহ্ (সাঃ) এর মধুর বাণী কানে পৌঁছেছে। জিহাদের ডাক এসেছে। আর বসে থাকতে পারি না। জিহাদের পথ রক্তে রাঙা। সেই রক্তে গোসল করতে চাই। এখন গোসল করলে বিলম্ব হয়ে যাবে। উহুদ যুদ্ধে যাচ্ছি, এই বলে জীবন সঙ্গীনীর কাছ থেকে বিদায় নিলেন এবং বললেন "ওহে জীবন সঙ্গীনী! জান্নাতের খুশবু পাইতেছি, হয়ত আজই শহীদ হয়ে জান্নাতে চলে যাবো"। স্ত্রী খুশি মনে বিদায় দিলেন। আজকালকার মহিলা হলে স্বামীর দামান ধরে

চিৎকার করে বলত, আমাকে কার পাহারায় রেখে যাচ্ছেন? কিন্তু স্ত্রী- তিনিও তো কামলিওয়ালার সাহাবীয়া ছিলেন। স্বামী স্ত্রীকে সম্বোধন করে শেষ কথা বললেন, হে আল্লাহর বান্দী! রাসূলুল্লাহ (সাঃ) এর ইজ্জতের জন্য, তাঁর হিফাজতের জন্য সর্বস্ব বিলীয়ে দিবো! যদি আমি গাজী হয়ে ফিরে আসি, তাহলে দু'বার মোলাকাত হবে। অন্যথায় হাউজে কাউছারে সাক্ষাৎ হবে। মুসলমান ভায়েরা আমার! সেই সাহাবী চলে গেলেন রণক্ষেত্রে। তুমুল লড়াই চলছে। কিছুক্ষণের মধ্যে আল্লাহর কিছু দুশমনকে কতল করে দিলেন। অবশেষে নিজেও শাহাদাতের মর্যাদা লাভ করলেন। কাফির বাহিনী পালিয়ে ময়দান ত্যাগ করলো। যুদ্ধ আস্তে আস্তে শেষ হল। নবী করিম (সাঃ) সত্তরজন শহীদের মোবারক লাশ একত্রিত করলেন কিন্তু হানজালা (রাঃ) এর লাশ পাওয়া গেল না। তাঁর লাশ রাসূলুল্লাহ (সাঃ) এর নজরে পড়ছে না। হুজুর (সাঃ) পেরেশান হয়ে গেলেন। গেল কোথায় তার লাশ! কাফির বাহিনী কি তাঁর লাশ নিয়ে গেছে ? অনেক কথাই রাসূল (সাঃ) এর মনে জমা হলো। এসব ভাবতে ভাবতেই আকাশ থেকে জিবরাঈল (আঃ) এসে বললেন, হে আল্লাহর রাসূল (সাঃ)! আপনি পেরেশান কেন ? চিন্তিত কেন ? শহীদের ব্যাপারে মাসআলা হল, গোসল ব্যতীত রক্তাক্ত অবস্থায় দাফন করতে হবে। কিন্তু শহীদ হানজালার উপর জানাবাতের কারণে গোসল ওয়াজিব ছিল। এজন্য আল্লাহ তা'আলা আমাকে বললেন, হে জিবরাইল ! যাও হানজালার লাশ আকাশে উঠিয়ে নিয়ে এসো। তাঁর গোসলের ব্যবস্থা আকাশে হবে। তাই হচ্ছে। হে নবী ! আকাশের সত্তর হাজার ফেরেশতা স্বর্ণ-রোপ্যের পাত্রে হানজালার গোসল দিতেছেন। কিছুক্ষণ পরেই গোসল সেরে ফেরেস্তাগণ হানজালা (রাঃ) এর লাশ কামলিওয়ালার কাছে

ফিরিয়ে দিলেন। এখন ও গায়ের পানি শুকাইনি। ঝর ঝর করে পানির ফোঁটা শরীর থেকে জমিনে পড়ছে।

খোমেনী বলেছে, তাদের অন্তরে ঈমান ছিল না। যাদের মৃত্যুতে স্বয়ং রাসূল (সাঃ) কেঁদেছেন, যার গোসল আকাশে হয়েছিল, যার গোসল ফেরেশতারা দিয়েছেন তাদের অন্তরে ঈমান ছিল না ? যাদের গোসল স্বয়ং কামলিওয়ালার হাতে সম্পন্ন হয়েছে, তাদের ভিতরে ঈমান ছিল না। যাদের জানাজার নামাজ রাসূলুল্লাহ্ (সাঃ) পড়িয়েছেন তাদের অন্তরে ঈমান ছিল না। খোমেনীর এ সব কটুক্তি শুনে শরীর শিহরিয়ে উঠে।

যখন জংগে মুতায় হযরত জাফর (রাঃ) এর হাতে ঝান্ডা এলো, জাফর (রাঃ) পতাকা হাতে নিয়ে বীর বিক্রমে যুদ্ধে অবতীর্ণ হলেন। নিজের ঘোড়ার পা নিজেই কেঁটে দিলেন। যেন পালাবার সুযোগ না থাকে। তারপর কয়েকটি কবিতা আবৃতি করলেন, যার অর্থ হলো এই, হে লোক সকল! জান্নাত কতইনা সুন্দর! জান্নাতের নিকটবর্তী হওয়া কতইনা উত্তম, জান্নাতের পানি কতইনা ঠান্ডা! রোম বাসীদের শাস্তি ভোগ করার সময় এসেছে, আর সে শাস্তি দেয়ার দায়িত্ব আমাকেই দেয়া হয়েছে। কবিতা পড়তে পড়তে তরবারী হাতে অগণিত কাফির সেনার উপর ঝাঁপিয়ে পড়েন। সেনাপতি হিসাবে তাঁর হাতেই ঝান্ডা ছিল, কাফিররা তাঁর ডান হাত কেঁটে দিল। ততক্ষণাৎ বাম হাতে ঝান্ডা নিলেন। কাফেররা তাঁর বাম হাতও কেঁটে দিল। তখন উভয় বাহুমূল দ্বারা পতাকা বুকে চেঁপে ধরলেন, রোম সেনারা তাঁর পা দুটি কেঁটে ফেলল, তিনি মুখের দ্বারা পতাকা কামড়ে ধরলেন। এমতাবস্থায় পশ্চাৎদিক হতে এক শত্রু শয়তানের চরম আঘাতে তাঁর দেহ দ্বিখন্ডিত হয়ে মাটিতে লুটিয়ে পড়ল।

আব্দুল্লাহ বিন ওমর (রাঃ) বলেন, যুদ্ধের পর আমরা তাঁর শরীরের শুধু সম্মুখ ভাগেই নব্বইটি যখম দেখেছি। যখন জাফর (রাঃ) শহীদ হয়ে গেলেন, তখন রাসূলুল্লাহ (সাঃ) অহীর মাধ্যমে জানতে পারলেন, হযরত জাফর (রাঃ) এর হাত কেঁটে গেছে, পা কেঁটে গেছে। হযরত জাফরের গরদান উড়ে গেছে। মোট কথা হযরত জাফর (রাঃ) অত্যন্ত মর্মান্তিক ভাবে শহীদ হয়েছেন। রাসূলুল্লাহ (সাঃ) কান্না সংবরণ করতে পারলেন না। অশ্রুসিক্ত হয়ে গেল রাসূল (সাঃ) এর আঁখি দুটি। হুজুর (সাঃ) কেঁদে কেঁদে হযরত জাফর (রাঃ) এর বাড়ীতে গেলেন, হযরত জাফর (রাঃ) এর কচিকাঁচা বাচ্চাদের উপর নবুওয়াতওয়ালা হাত বুলিয়ে শান্তনা দিলেন এবং বললেন, হে জাফরের সন্তানেরা! আজ তোমাদের বাবা শাহাদাতের বিনিময়ে জান্নাতে চলে গেছেন। দুঃখ করো না! আজ থেকে আমি মুহাম্মদ (সাঃ) তোমাদের বাবা হয়ে তোমাদের অভিভাবকত্ব গ্রহণ করবো। হযরত আয়েশা সিদ্দিকা (রাঃ) হবেন তোমাদের মাতা। তিনি তোমাদের মাতৃস্নেহে স্নেহ দিবেন।

মুসলমান ভায়েরা! যাদের শাহাদাতে নবী করীম (সাঃ) কেঁদেছেন। কুখ্যাত খোমেনী বলে, তাদের অন্তরে ঈমান ছিল না, তাদের অন্তরে দ্বীন ছিল না, রাসূল (সাঃ) এর মুহাব্বত ছিল না। তাদের হৃদয়ে রাসুলের ভালবাসা ছিল না। খোমেনীর এ সব নাপাক বক্তব্য অসহ্যকর। আমরা কখনো এসব উক্তি শুনে চুপ করে বসে থাকতে পারি না। সাহাবায়ে কিরাম যদি দ্বীন ইসলামের জন্য, নবী (সাঃ) এর জন্য জান-মাল বিসর্জন দিতে পারেন, আমরাও এ দ্বীনের জন্যে, সাহাবায়ে কিরামের মান-সম্মান সমুন্নত রাখার জন্যে, জান-মাল সব কিছু কোরবান করে দিব।

বন্ধুরা আমার! একজন সাহাবী রাতের গভীরে মসজিদে নব্বীর দরজায় বসে আছেন। পড়নে এক টুকরো জীর্ণশীর্ণ কাপড়। ছতর ঢাকার কাপড়টুকু ব্যতীত আর কোন কাপড় তাঁর গায়ে নেই। এদিকে হাড় কাঁপানো শীত। ইত্যবসরে হুজুর (সাঃ) মসজিদে এসে জিজ্ঞেস করলেন, দরজায় কে? উত্তর এলো, আমার নাম আব্দুল্লাহ্। যে নাম আপনিই রেখেছেন। আমি কিছুদিন পূর্বে আপনার হাতে কালেমা পড়ে মুসলমান হয়েছি। হে আল্লাহর রাসূল (সাঃ)! আজ আমার আব্বা আমার শরীর থেকে কাপড় খুলে নিয়েছেন। আমাকে বস্ত্রহীন করে নানা রকম অত্যাচার করেছেন। আমি ইসলাম গ্রহণ করেছি, এই হল আমার অপরাধ। হুজুর (সাঃ) সাথে সাথে তাকে ঘরে নিয়ে গেলেন এবং নবুওয়াতওয়ালা হাতে দুটি চাদর তাকে দিয়ে বললেন, ইহা দ্বারা শরীর ঢেকে নাও। আরবী ভাযায় যার দুটি চাদর আছে তাকে জুলবাগাদাইন বলা হয়। অর্থাৎ দুই চাদরওয়ালা। আব্দুল্লাহ নবী আরাবী (সাঃ) এর ঘরে প্রবেশ করেই বললেন, হে আল্লাহর রাসুল! আমার জন্য দু'আ করুন! আল্লাহ যেন আমাকে শাহাদাতের মৃত্যু দান করেন। হুজুর (সাঃ) দু'আ করলেন, হে আল্লাহ্! আব্দুল্লাহ্ কে শাহাদাতের অমূল্য সম্পদ দান করুন। দ'ুদিন না যেতেই তবুক যুদ্ধের দামামা বেজে উঠল। হুজুর (সাঃ) বললেন, আব্দুল্লাহ জলদি প্রস্তুতি নাও, এসে গেছে তোমার কাংখিত বাসনা পূর্ণ হওয়ার সময়। আব্দুল্লাহ খুশিতে আত্মহারা, শাহাদাতের প্রবল তামান্না তাকে ব্যতিব্যস্ত করে তুলছে প্রতিটি মুহূর্তে। শাহাদাতের অধীর আগ্রহ তাকে নাচিয়ে তুলছে। অবশেযে সমরসাজে রণক্ষেত্রের দিকে যাত্রা শুরু করলেন। আব্দুল্লাহ্ (রাঃ) রাসূল (সাঃ) এর দশ হাজার সাহাবা সৈনিকের সাথে পা বাড়ালেন। জিহাদের কাফেলা

ছুটে চলছে তবুক পানে। পথিমধ্যে কোন এক স্থানে পৌঁছে রাত্রি যাপনের সিদ্ধান্ত হলো। রাত্রি কেঁটে গেল, ভোরের আলো আলোকময় করলো পৃথিবীকে। কিন্তু আব্দুল্লাহ (রাঃ) আর জীবিত পাওয়া গেল না। আব্দুল্লাহ্ (রাঃ) দুনিয়া হতে বিদায় নিয়েছেন। আল্লাহ পাক তাঁর বাসনা পূর্ণ করেছেন। পয়গাম্বর (সাঃ) যখন জানতে পারলেন, যে আব্দুল্লাহ্ জুলবাগাদাইন শহীদ হয়েছেন। আল্লাহর রাস্তায় শাহাদাত বরণ করেছেন। তিনি বললেন ওহে আমার সাহাবীরা! আব্দুল্লাহ জুলবাগাদাইনের জন্য আমার বড় দুঃখ হয়! আমি তাঁর পিতা সম্পর্কে জানি, তাঁর পিতা আরবের একজন ধনাঢ্য ব্যবসায়ী লোক। তাঁর ঘর সম্পর্কেও আমার জানা আছে। তাঁর ঘরে সব জিনিযের প্রাচুর্যতা আছে কিন্তু একমাত্র আল্লাহর মুহাব্বতে দ্বীন ইসলাম গ্রহণ করার কারণে এবং রাসূলুল্লাহ (সাঃ) এর সঙ্গ দেয়ার কারণেই তাঁর এ করুণ অবস্থা হয়েছিল। ইসলাম গ্রহণের কারণে তাকে বিবস্ত্র হতে হয়েছে, ক্ষুধার্ত থাকতে হয়েছে। হে আল্লাহ! আমি আব্দুল্লাহর উপর সন্তুষ্ট। তুমিও তাঁর প্রতি সন্তুষ্ট হয়ে যাও। হুজুর (সাঃ) সাহাবীদেরকে নির্দেশ দিলেন যে যখন আব্দুল্লাহর কাফন দাফনের সময় হয়, তখন আমাকে জানাবে। আমি নিজেই তাঁর দাফনের কাজ সম্পন্ন করব। আমি তাঁর জানাজার নামাজ পড়াবো। সব কাজ শেষ হয়ে দাফনের সময় এলো। রাসূলুল্লাহ (সাঃ) স্বয়ং কবরে নেমে লাশের দিকে হাত বাড়িয়ে বললেন, হে লোক সকল! তোমাদের ভায়ের লাশ আমার হাতে দাও! যখন আব্দুল্লাহ (রাঃ) এর লাশ সরওয়ারে কায়েনাতের হাতে রাখা হলো, তখন সকল সাহাবায়ে কিরাম চিৎকার দিয়ে উঠলেন। কি সৌভাগ্য আব্দুল্লাহর! হযরত সা'আদ বিন আবি ওয়াক্কাস (রাঃ) কান্না বিজড়িত কণ্ঠে চিৎকার

করে বলে উঠলেন, হায় আফসোস! আজ যদি আব্দুল্লাহ (রাঃ) এর স্থলে আমার লাশ হতো। তাহলে কতইনা ভাল হতো! আমাকে আল্লাহ্‌র রাসূল (সাঃ) নবুওয়াতওয়ালা হাতে কবরে রাখতেন।

বন্ধুগণ! ইসলামের ইতিহাস, ইহা শহীদের ইতিহাস। সে ইতিহাসের প্রতি পৃষ্ঠায় রয়েছে কোন না কোন শহীদের শাহাদাতের হৃদয় বিদারক কাহিনী। সে সকল শোহাদায়ে কিরাম বীরত্ব ও দৃঢ়তার সাথে শাহাদাতের পিয়ালা পান করে ছিলেন। রাসূল (সাঃ) এর আদর্শে অনুপ্রাণিত হয়ে, রাসূল (সাঃ) এর মুহাব্বতে জীবন বিসর্জন দিয়েছেন। পয়গাম্বর (সাঃ) এর ইশকে নিজেকে আত্মোৎস্বর্গ করেছেন।

ভায়েরা আমার! ঈমানের পথ রক্তে রাঙা। ঈমানের পথে সাহাবায়ে কিরাম সেই পরীক্ষায় পাস করেছেন। শহীদগণও সেই পরীক্ষায় পাস করেছেন। আমাদেরও সেই পরীক্ষায় পাস করতে হবে।

বন্ধুগণ! বনু লিহ্‌য়ান কবিলায় দশজন মর্দে মুজাহিদ শহীদ হয়েছেন। যাদের কমান্ডার ছিলেন হযরত আছেম বিন ছাবেদ আনছারী (রাঃ)। বিস্তারিত ঘটনা বুখারী শরীফে উল্লেখ আছে। হুজুর (সাঃ) আছেম বিন ছাবেত (রাঃ) কে নয়জন সাহাবী সাথে দিয়ে লিহ্‌য়ান কবিলার অবস্থা পর্যবেক্ষণের জন্য পাঠালেন। পথিমধ্যে কোন এক পাহাড়ে তাদেরকে কাফিররা ঘিরে ফেলল। কাফিররা বলল, হাতিয়ার ফেলে দাও! আত্মসমর্পন কর! বেঁচে যাবে। মুক্তি পেয়ে যাবে। হযরত আছেম বিন ছাবেত (রাঃ) বললেন, আমরা মুজাহিদে আজম হযরত মুহাম্মদ মোস্তফা (সাঃ) এর সৈনিক। রাসূলুল্লাহ্ (সাঃ) এর আদর্শে অনুপ্রাণিত বীর সেনানী মোরা মাথা নত করতে জানি না। জান দিতে পারি। শাহাদাত বরণ করতে পারি। সর্বস্ব বিলীন করতে জানি, কিন্তু

নবী (সাঃ) এর দেয়া হাতিয়ার ফেলতে পারিনা। আত্মসমর্পন করবো না। আমরা মরলে শহীদ, বাঁচলে গাজী। ভয় নেই মোদের দুনিয়ার জগতে। খোদার দুশমনরা অগ্নিশর্মা হয়ে সে পাহাড়েই সাতজন সাহাবীকে শহীদ করে ফেলল। বাকী তিনজন জীবিতবস্থায় গ্রেফতার হলেন। (১) আব্দুল্লাহ্ বিন তারেক (রাঃ) (২) হযরত খোবায়েব (রাঃ) (৩) হযরত যায়েদ (রাঃ)। কাফিররা তাদেরকে গ্রেফতার করে হাতকড়া পড়িয়ে মক্কার দিকে রওয়ানা হল। পথিমধ্যে আব্দুল্লাহ্ বিন তারেক (রাঃ) কে শহীদ করে দেয়া হল। যায়েদ ও খোবায়েব (রাঃ) কে বনু লিহ্য়ানের সরদার উকবা বিন আমের এর সামনে পেশ করা হল। তখন উকবা বিন আমের খোবায়েব (রাঃ) কে ক্রয় করলো তার পিতার প্রতিশোধ নেয়ার জন্যে। কেননা খোবায়েব (রাঃ) উকবা ইবনে আমেরের পিতাকে বদরের যুদ্ধে হত্যা করেছিলেন আর যায়েদ (রাঃ) কে সফওয়ান বিন উমাইয়্যা ক্রয় করলো তার পিতার প্রতিশোধ নেবার জন্যে। সফওয়ানের পিতা ও বদরের যুদ্ধে নিহত হয়েছিল। উকবা তাদেরকে মক্কা নিয়ে গেল। প্রতিশোধের আগুন দাউ দাউ করে জ্বলে উঠল উকবার কুফুরী ভরা অন্তরে। এবারই উত্তম সুযোগ বাপের প্রতিশোধ গ্রহণের। হত্যার বদলায় হত্যা। মক্কায় নিয়ে সফওয়ান হযরত যায়েদ (রাঃ) কে ফাঁসির কাষ্ঠে ঝুলিয়ে দিল। ফাঁসির রশ্মি গলায় কসছে, এমতাবস্থায় সফওয়ানের লোকেরা হযরত যায়েদকে বললো! হে যায়েদ! তুমি এই কথাটুকু মেনে নাও যে, তোমাকে ছেড়ে দেয়া হবে, আর তোমার স্থানে তোমার নবী মুহাম্মদ (সাঃ) কে ফাঁসি দেয়া হোক? তুমি যদি এ কথাটুকু মেনে নাও, তাহলে আমরা তোমাকে মুক্তি দিয়ে দিবো। যায়েদ (রাঃ) বজ্র কণ্ঠে বললেন, আমি খতম হতে পারি, আমার দেহ ছিন্নভিন্ন হতে পারে,

ফাঁসিতে ঝুলতে প্রস্তুত আছি কিন্তু রাসূলুল্লাহ (সাঃ) এর কদম মোবারকে একটা কাঁটার আঘাতও সহ্য করবো না। মুহাম্মদ (সাঃ) এর সামান্য কষ্টের কল্পনাও বরদাশত করবো না।

ওরে মুসলমান ভায়েরা! একটু চিন্তা করে দেখুন! তাঁরা দ্বীনের জন্য কত ত্যাগ স্বীকার করেছেন, মুহাম্মদে আরাবী (সাঃ) এর জন্য কেমনে হাসি মুখে ফাঁসি কাষ্ঠে ঝুলেছেন। আর আমরা কি করছি? আজ মহানবী (সাঃ) কে গালি দেয়া হচ্ছে, অভিশপ্ত ইয়াহুদীরা নবী (সাঃ) কে শুকরের সাথে তুলনা করছে, নবী (সাঃ) কে সন্ত্রাসী বলা হচ্ছে। ইতর বলা হচ্ছে। নবী (সাঃ) এর সবচেয়ে প্রিয় কোরআন ডাষ্টবিনে নিক্ষেপ করছে। দেশের বিশ্ববিদ্যালয় গুলোতে কোরআন ছিড়ে ফেলা হচ্ছে। আজ কোরআন বাথরুমে পাওয়া যাচ্ছে। কাদিয়ানীরা নবী (সাঃ) কে অস্বীকার করছে। ওরা নবী (সাঃ) এর বিরুদ্ধে বই ছাঁপিয়ে প্রকাশ্যে বিলি করছে।

বন্ধুরা আমার! তরুণ ভায়েরা আমার! উঠ! জাগো! রুখ! অস্ত্র হাতে নাও। ঝাঁঝরা করে দাও নবী বিদ্বেষীদের বুক। গুড়িয়ে দাও কাদিয়ানীদের আস্তানা। উড়িয়ে দাও ভন্ডপীরদের ঠিকানা। ভস্ম করে দাও কোরআন অবমাননাকারীদের মস্তক। নামধারী মুসলমান মুনাফেকদের জীবিত থাকতে দিও না। তাদের খতম করে মুসলমানের দেশ পরিষ্কার কর। নবী (সাঃ) এর দিল ঠান্ডা কর। ফতুয়া তালাশ করিও না। সব কাজ ফতুয়ার পিছনে পড়ে হয় না। পীর সাহেবগণের অনুমতি নিতে হয় না। খোদ আল্লাহ পাক কোরআন শরীফে ওদের কে খতম করতে বলেছেন। স্বয়ং আল্লাহ পাক ওদের কে খতম করার ফতুয়া দিয়েছেন। নামায হলো ফরজ ইবাদত, ইহা আদায় করতে পীর

সাহেবগণের অনুমতির দরকার হয় না। এমনি ভাবে নবী (সাঃ) এর বিরুদ্ধাচরণকারীদের শাস্তি দেয়া ও ফরজ ইবাদত, ইহা আদায় করতেও পীর সাহেবীগণের অনুমতি লাগবে না।

বন্ধুরা আমার! আবুবসীর (রাঃ) মুসলমান হয়ে মক্কা হতে মদিনায় পৌঁছলেন, এ সময় মক্কার কাফিরদের সাথে নবী (সাঃ) এর স্বন্ধি ছিল। স্বন্ধির শর্তের মধ্যে একটা অন্যতম শর্ত ছিল যে, মক্কার কোন লোক মুসলমান হয়ে মদিনায় গেলে, মুসলমানগণ তাকে মক্কার কাফিরদের হাতে ফেরত দিতে বাধ্য থাকবে। উল্লেখিত শর্ত মোতাবেক মক্কার একটি প্রতিনিধিদল মদিনায় পৌঁছলে, নবী (সাঃ) তাকে প্রতিনিধিদলের হাতে হস্তান্তর করেন। প্রতিনিধিদল তাকে নিয়ে মক্কার পথে যাত্রা করলো, এ সময় আবুবসীর (রাঃ) তাদের তরবারী ছিনিয়ে নিয়ে একজন কে হত্যা করলেন, আর অপরজনকে আহত করে নবী (সাঃ) এর দরবারে ফের উপস্থিত হলেন। শর্ত ভঙ্গের কারণে নবী (সাঃ) তাকে কিছুই বলেননি। দূত হত্যার কারণে ও নবী (সাঃ) তাকে কোন শাস্তি দেননি। বরং যখন মক্কার লোকেরা পুনঃবার নবী (সাঃ) এর কাছে এলো, এবং আবুবসীরকে তাদের হাতে তুলে দেয়ার আবেদন জানালো, তখন নবী (সাঃ) আবু বসীর (রাঃ) কে লক্ষ করে বললেন, হায় আফসোস! তোমার যদি কোন সাহায্যকারী হতো! একথা শুনে আবুবসীর (রাঃ) বুঝতে পারলেন, আমাকে নবী (সাঃ) পুনরায় কাফির বাহিনীর হাতে হস্তান্তর করবেন। তাই তিনি কাল বিলম্ব না করে, মদিনা হতে পালিয়ে সমুদ্র উপকুলের পাহাড়ী এলাকায় আশ্রয় নিলেন। এ সংবাদ মক্কায় ছড়িয়ে পড়লে, মক্কা হতে আবুজান্দাল (রাঃ) সহ আরও কিছু অসহায় মুসলমান আবুবসীর(রাঃ) এর সহিত মিলিত হলেন। সমুদ্র

উপকূল ছিল দূর্গম পাহাড়ী এলাকা, যেখানে কোন জনবসতি ছিল না। এমন নির্জন স্থানে এ সকল অসহায় মুসলমান ভীষণ খাদ্য কষ্টে দিনাতিপাত করছিলেন। তাঁরা মক্কা হতেও খাদ্য যোগাড় করতে পারতেন না, যেহেতু মক্কাবাসী হলো তাদের জানের চরম শত্রু। আর মদিনা হতেও খাদ্য নেয়া সম্ভব ছিলনা, যেহেতু মদিনার মুসলমানদের সাথে মক্কাবাসীর চুক্তি রয়েছে। আর মদিনার সাথে যোগাযোগ করাও কষ্টের ব্যাপার। অনাহারে অর্ধাহারে তাঁরা দুর্বল হয়ে পড়েন কিন্তু কাফিরদের কাছে মাথা নত করেননি। দ্বীনের উপর অটল ছিলেন। এ সময় তাঁরা ফতুয়া তালাশ করেননি, যে আমরা এ কষ্টের চেয়ে মক্কায় বিবি বাচ্চা নিয়ে স্বাচ্ছন্দে জীবন যাপন করি এবং নিজের ঈমান কে গোপন করি। দ্বিতীয়ত মক্কায় থাকলে নবী (সাঃ) এর আদেশ ও পালন হতো। সন্ধির শর্ত ও ভঙ্গ হতো না।

মুসলমান ভায়েরা আমার! আবু বসীর, আবু জান্দাল (রাঃ) সে দিন স্বন্ধির তোয়াক্কা না করে, ফতুয়া তালাশ না করে, আরামের জীবন হারাম করে, সুখ স্বাচ্ছন্দের জীবনে লাথি মেরে, সমুদ্র এলাকায় কষ্টের জীবন বেঁছে নিলেন। আল্লাহ্ পাক তাদের রাস্তা আসান করে দিলেন-

وَالَّذِينَ جَاهَدُوا فِينَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا

অর্থঃ যারা আমার রাস্তায় জিহাদ করে আমি তাদের কে অসংখ্য রাস্তার সন্ধান দেই।

তাদের খাদ্যের ব্যবস্থা হলো, মক্কার কাফিররা সমুদ্র উপকূলের রাস্তা ধরে সিরিয়া দেশে গিয়ে মালামাল খরিদ করে স্বদেশ ফিরতঃ পথিমধ্যে আবু বসীরের ক্ষুদ্র বাহিনী জালেম কাফিরদের মাল লুন্ঠন

করিয়া নিজেদের জীবিকার ব্যবস্থা করতেন। শেযতক মক্কার কাফিররা এ ক্ষুদ্র বাহিনীর কাছে পরাজিত হল। এ গেরিলা বাহিনীর উপর কোন আইন চলত না। তাঁরা কারো ধার ধারে না। কোন শর্ত-সন্ধির প্রতি ভ্রুক্ষেপ করে না। আকস্মিক হামলা করে সব কিছু ছিনিয়ে নেয়। জালেম কাফিররা অসহায় হয়ে হুজুর (সাঃ) এর কাছে এসে মিনতি করে প্রার্থনা জানাল, তিনি যেন আত্মীয়তার বন্ধনের দিকে চেয়ে হলেও ঐ ক্ষুদ্র বাহিনীকে লুটতরাজ হতে মানা করেন এবং ব্যবসায়ী কাফেলা কে বিপদ মুক্ত করেন। বোখারী শরীফে আছে, হুজুর (সাঃ) এর অনুমতি পত্র যখন তাদের হাতে পৌঁছল, তখন আবু বসীর (রাঃ) মৃত্যু শয্যায় শায়িত, প্রিয় নবী (সাঃ) এর পত্রখানা হস্তগত হওয়ার সাথে সাথে অশ্রুস্বজল নয়নে জান্নাতবাসী হন।

ভায়েরা আমার! হুজুর আকরাম (সাঃ) এর যুগে আরবের বুকে তিনজন সাহাবী শ্রেষ্ঠ সুন্দর ছিলেন। তাঁরা আরব জাহানে শ্রেষ্ঠতম সুন্দর ব্যক্তি ছিলেন। তাদের সৌন্দর্য্য দেখে আরবের লোকেরা বিস্মিত হতো। রাস্তা চলার সময় পথিকেরা তাদের দিকে তাঁকিয়ে থাকতো অপলক দৃষ্টিতে। প্রচন্ড ভীড়ের মধ্যে মানুষ পায়ের গোড়ালী উচুঁ করে গভীর দৃষ্টিতে দেখে নিত তাদের সুন্দরতম চেহারা খানি। এক নজর দেখলেই ভুলে যেত আগে পরের সব দুঃখ-বেদনা।

সেই তিন জনের মধ্য হতে একজন হলেন দেহ্ইয়া কালবী (রাঃ)। যার সুশ্রী আকৃতি ধারণ করে ঐশীদূত হযরত জিবরাঈল (আঃ) আকাশ থেকে হযরত রাসূল করীম (সাঃ) এর কাছে অবতীর্ণ হতেন। দ্বিতীয় ব্যক্তি হলেন হযরত খোবায়েব বিন আদি (রাঃ)। যার আলোচনা আমি কিছুক্ষণ পরই পেশ করবো। তৃতীয় ব্যক্তি হযরত হোজাফা সাহ্মী

(রাঃ)। তদানিন্তন আরব বাসীর কাছে জাতীয় কবি হিসাবে যিনি স্বীকৃতি পেয়েছিলেন। যার সাহিত্যকথা ছিল সর্বজন স্বীকৃত। তিনি হলেন হযরত খোবায়েব বিন আদি (রাঃ)। আরবের লোকেরা মন্তব্য করতেন, খোবায়েব (রাঃ) এর মত এমন সুসাহিত্যিক ও উচ্চাঙ্গের কবির পায়ের ছোঁয়া আরবের জমীনে অতীতে আর কখনও লাগেনি কিন্তু দুঃখের বিষয়! এমন ব্যক্তিত্বের অধিকারী হয়েও আজ তিনি উকবা বিন আমেরের হাতে বন্দী। উদ্বন্ধন রজ্জুর অপেক্ষমান। যায়েদ (রাঃ) কে অতি সহজেই শহীদ করে দেয়া হয়েছিল কিন্তু শ্রেষ্ঠ সাহিত্যিক, বিজ্ঞ-বিচক্ষণ খোবায়েব (রাঃ) কে দুশমনরা গোপনে ফাঁসি দিয়ে প্রাণ নাশ করতে প্রস্তুত ছিল না। এজন্য শহর বন্দরে ঘোষণা দেয়া হল, অমুক তারিখে খোবায়েব (রাঃ) কে ফাঁসি দেয়া হবে। জোর প্রস্তুতি চলল। কাফিরদের ঘরে ঘরে উৎসব আরম্ভ হলো।

হযরত খোবায়েব (রাঃ) তিনটি শর্ত আরোপ করলেন, যথা (১) তোমাদের কাছে থাকাকালীন যখন আমি পানি চাবো, তখন আমাকে ঠান্ডা পানি পান করাবে। (২) যখন আমার খাবারের জন্য গোস্ত রান্না করবে তখন হালাল গোস্ত রান্না করবে। (৩) ফাঁসির তিন দিন পূর্বে আমাকে অবহিত করবে। শর্ত মোতাবেক যখন ফাঁসির তারিখ জানানো হল। হযরত খোবায়েব (রাঃ) বললেন আমাকে একটি উস্তরা (চাকু) দাও। সেই উস্তরা দ্বারা তিনি পরিচ্ছন্নতা হাসিল করলেন। খোবায়েব (রাঃ) বললেন, আমি সাত টুকরা হয়ে রাসূল (সাঃ) এর কাছে যেতে চাই। সাত অংশে ভাগ হয়ে আমি মহান আল্লাহর দরবারে পেশ হতে চাই।

ভায়েরা আমার! তওবা করো! সাহাবীগনের শানে অমূলক কথা বলো না। সাহাবায়ে কিরামের রাসূল প্রীতির নমুনা লক্ষ্য করো! শহীদ হওয়ার তামান্না দেখো! কিভাবে শহীদ হয়েছেন তাঁরা রাসূলের প্রেমে! ফাঁসির রশ্মি তাদের কাছে অতীব প্রিয় মনে হতো।

সমগ্র আরবে এ সংবাদ ছড়িয়ে পড়ল যে, আরবের সবচেয়ে বড় কবি ও সাহিত্যিক হযরত খোবায়েব বিন আদি (রাঃ) কে ফাঁসি দেয়া হবে। দুর দুরান্ত থেকে বহু লোকের সমাগম হলো মক্কার মাটিতে। অসংখ্য নর-নারী ভিড় জমালো হযরত খোবায়েব (রাঃ) এর করুণ দৃশ্য অবলোকন করার জন্য, তাঁর এ হৃদয় বিদারক দৃশ্য দেখে কাফিররাও কেঁদে উঠলো। মহিলারা তাঁর সৌন্দর্য্য দেখে চিৎকার দিয়ে বলতে লাগল, হে উকবা! তুমি খোবায়েব (রাঃ) এর পরিবর্তে আমাদেরকে হত্যা করে দাও! তাঁর বদলায় আমাদের কে জবাহ করে দাও। এমন সুন্দর নওজোয়ান ও দেশের শ্রেষ্ঠ কবি-সাহিত্যিককে কেন নির্দয় ভাবে হত্যা করছো? উকবা বললো, একটি শর্ত সাপেক্ষে খুবায়েব কে মুক্তি দিতে পারি। শর্তটি হলো এই যে, খুবায়েব শুধু এতটুকু বলবে যে, আমি মুহাম্মদ (সাঃ) কে ছেড়ে দিলাম। তখন লোকজন এক হয়ে খোবায়েব (রাঃ) এর কাছে এ প্রস্তাব পেশ করলো, হযরত খুবায়েব (রাঃ) অগ্নিশর্মা হয়ে দীপ্ত কণ্ঠে জওয়াব প্রদান করলেন, যদি আমি প্রিয় নবী মুহাম্মদ (সাঃ) কে ত্যাগ করি, তাহলে এ পৃথিবীতে আমার জীবিত থাকার কোন প্রয়োজন নেই। আমি তো জীবিত থাকি রাসূলুল্লাহ্ (সাঃ) এর ইজ্জত বুলন্দির জন্য। আমি মরতেও রাজি মুহাম্মদ (সাঃ) এর ইজ্জতের জন্য। কাফিররা ব্যর্থ হয়ে হযরত খোবায়েব (রাঃ) কে ফাঁসির জন্য প্রস্তুত

করলো। তাকে বলা হলো, তোমার মনের আখেরী বাসনা ব্যক্ত করো! হযরত খুবায়েব (রাঃ) দুই রাকাত নামাজ পড়ার অনুমতি চাইলেন। নামাজের অনুমতি পেলে তাড়াতাড়ি দুই রাকাত নামাজ শেষ করে বললেন, আমার জীবনে কখনও এত তাড়াতাড়ি নামাজ পড়িনি। যা আজ পড়লাম। যাতে করে শত্রুরা ভুল না বুঝে বসে যে, মৃত্যুর ভয়ে মুহাম্মদ (সাঃ) এর সাহাবী নামাজকে দীর্ঘায়িত করেছেন। অতঃপর হাত উঠিয়ে ফরিয়াদ করলেন,

হে আল্লাহ্! আমি তোমার নবী (সাঃ) এর নামে প্রাণ উৎসর্গ করছি! আমার এ কতলের সংবাদ আমার প্রিয় নবী (সাঃ) এর কাছে পৌঁছে দাও। বলেই কিছু কবিতা পাঠ করলেন! যার প্রথম অংশ হলো ঃ

فَلَسْتُ اُبَالِي حِيْنَ اُقْتَلُ مُسْلِمًا
بِاَيِّ شِقٍّ كَانَ لِلّٰهِ مَصْرَعِي
وَذٰلِكَ فِي ذَاتِ الْاِلٰهِ وَاِنْ يَّشَأْ الخ

অর্থঃ হে আল্লাহ্! আজ আমি এজন্য আনন্দিত যে, আমি তোমার হাবীব মুহাম্মদ (সাঃ) এর নামে জান দিতেছি। তোমার নামে প্রাণ উৎসর্গ করছি।

যখন আমি শহীদ হয়ে যাবো, তখন আর আমার কোন পরওয়া নেই, চায় তারা আমাকে উল্টিয়ে-লটকিয়ে রাখুক, কিংবা সোজা করে রাখুক! কেননা বকরীকে যখন জবাহ্ করে দেয়া হয়, তখন তার আর কোন পরওয়া থাকেনা। তাকে উল্টিয়ে ঝুলানো হয়। চামড়া উঠানো হয়। হে আল্লাহ! তুমি যদি ইচ্ছে করো তাহলে আমার টুকরো শরীরের

মধ্যেও বরকত দিতে পার। অবশেষে হযরত খুবায়েব (রাঃ) কে ফাঁসির কাষ্ঠে চড়ানো হলো।

বুখারী শরীফে বর্ণিত আছে যে, হযরত খুবায়েব (রাঃ) ফাঁসির কাষ্ঠে দন্ডায়মান হলেন, সমগ্র পৃথিবী এ করুণ দৃশ্য দেখে কাঁপতে শুরু করছে। তাঁর নবী প্রেম দেখে সব কিছু তড়পাতে শুরু করল। মহিলাগণ তাঁর গুনাবলী বর্ণনা করতে লাগলো, আরবের বুকে এরকম বড় বাহাদুর আমাদের নজরে পড়েনি। যিনি মুহাম্মদ (সাঃ) এর জন্য প্রাণ উৎসর্গ করলেন। শেষতক কাফির দল তাঁর প্রতি লক্ষ্য করে একযোগে তীর নিক্ষেপ করতে শুরু করলো, এ সময় তিনি কাফেরদের উপর বদদু'আ করলেন,

اَللّٰهُمَّ اَحْصِهِمْ عَدَدًا وَّاقْتُلْهُمْ بَدَدًا
وَّلَا تُبْقِ مِنْهُمْ اَحَدًا

অর্থঃ- হে আল্লাহ্! তুমি এদের সকলকে হিসাব করে রেখো! তাঁদের প্রত্যেককে আলাদা ভাবে হত্যা করো!
হে আল্লাহ্! তুমি ওদের সবকে কঠিন শাস্তি দাও। কেহ যেন এ দুনিয়ার শাস্তি হতে রেহাই না পায়।

মুসলমান ভায়েরা আমার! আমরা আন্দোলন করি, আমাদের বাক স্বাধীনতার জন্য, আমাদের বেকারত্ব দুরীকরণের জন্য, আমরা আন্দোলন করি, আমাদের অধিকার আদায়ের জন্য, আমাদের বেতন বৃদ্ধির জন্য ইত্যাদি ইত্যাদি। কিন্তু হযরত খোবায়েব (রাঃ) ফাঁসির কাষ্ঠে যে মুহাম্মদ (সাঃ) এর জন্য ঝুলে ছিলেন, তাঁর আন্দোলন, তাঁর যুদ্ধ, তাঁর চেষ্টা -প্রচেষ্টা কোন জিনিসের জন্য ছিল? নিশ্চয় উহা কোন ক্ষমতা গ্রহণের যুদ্ধ ছিলনা। উহা কোন সাধারণ ব্যক্তিগত আন্দোলন বা যুদ্ধ

ছিল না। বরং উহা তো তাঁর রিসালাত প্রতিষ্ঠার যুদ্ধ ছিল। উহা তাঁর খোদা প্রদত্ত পয়গাম্বরীর যুদ্ধ ছিল। মুহাম্মদ মোস্তফা (সাঃ) এর মুহাব্বতের যুদ্ধ ছিল। হযরত খোবায়েব (রাঃ) নবীর মুহাব্বতে প্রানোৎসর্গ করলেন। আজ আমরা ঐ মহব্বতেই, ঐ ইশ্‌কেই প্রাণ উৎসর্গ করতে চাই। সব কিছু কোরবান করতে চাই।

আমার ভায়েরা! ইসলামের ইতিহাস শহীদানদের রক্তে রঞ্জিত ইতিহাস। একথা সবারই জানা থাকা দরকার। এতো একজন সাধারণ শহীদের কথা বললাম । উহুদের ময়দানে এ রকম একজন সাহাবী শহীদ হয়েছেন, যাঁর এক পা ছিল না। তাঁর নাম হলো হযরত আমর ইবনুল জুমুহ্ (রাঃ)। তিনি যখন শহীদ হয়ে গেলেন, তখন হুজুর (সাঃ) বললেন এই ব্যক্তি মা'জুর ছিলেন, অতএব তাঁর লাশ উটের পিঠে উঠিয়ে মদিনায় নিয়ে চল। যখন উটের পিঠে লাশ উঠানো হলো, তখন উট আর সামনে চলছিল না। হুজুর (সাঃ) তাঁর ছেলের কাছে এর কারণ জিজ্ঞাসা করলেন যে, তোমার আব্বা ঘর থেকে বের হওয়ার সময় আল্লাহ্ তা'আলার কাছে কোন দু'আ করেছিলেন কি? ছেলে উত্তরে বললেন, আমার আব্বা ঘর থেকে জিহাদে আসার সময় দু'আ করেছিলেনঃ

اَللّٰهُمَّ لَا تَرُدَّنِيْ اِلٰى اَهْلِيْ

অর্থঃ হে আল্লাহ্! তুমি জিহাদ থেকে আমাকে আর বাড়ী ফিরাইওনা! হুজুর (সাঃ) তাঁর কথা শুনে বললেন, আল্লাহ তা'আলা তাঁর দু'আ কবুল করেছেন, সুতরাং তাঁকে উহুদের পাহাড়ে দাফন করে দাও।

তাঁরা দ্বীনের জন্য শহীদ হওয়ার কেমন আকাংখা করতেন, লাশটা বাড়ী ফিরে না আসুক, সেজন্য তিনি আল্লাহর কাছে বার বার দু'আ করেছেন। তিনি যদি লেংড়া হওয়া সত্ত্বেও জিহাদে অংশ গ্রহণ করে কাফিরদের সাথে যুদ্ধ করতে পারেন, তাহলে তোমরা সুস্থ্য সবল হওয়া সত্ত্বেও কেন জিহাদে অংশ গ্রহণ করছো না? কি জবাব দিবে আল্লাহর কাছে?

দোস্ত! আল্লাহর কাছে দন্ডয়ামান হতে হবে। সেদিন আমরা অবশ্যই জিজ্ঞাসিত হব। আল্লাহপাক বলবেন, নবী (সাঃ) এর লেংড়া সাহাবী যার উপর আমি জিহাদ ফরজ করিনি। তবুও সে জিহাদ করে শহীদ হলো। আর তোমাদের উপর জিহাদ ফরজ করা সত্ত্বেও তোমরা তা করনি। আমার এ ফরিজার সাথে কেন তোমাদের আদাওয়াত ছিল? তখন তোমরা অবশ্যই আল্লাহর কাছে অপরাধী সাব্যস্ত হবে।

বন্ধুরা আমার! উহুদ যুদ্ধ খতম হওয়ার পর হযরত সা'আদ (রাঃ) এর লাশ পাওয়া গেল না। হুজুর (সাঃ) হযরত নোমান (রাঃ) কে বললেন, হে নোমান! দেখো! সা'আদ কোথায় আছে, জীবিত আছে, নাকি শহীদ হয়ে গেছে। জীবিত পেলে তাকে রাসূলুল্লাহ (সাঃ) এর সালাম বলো! এবং তাকে একথাও বলিও যে, রাসূলুল্লাহ তোমাকে স্বরণ করছে। হযরত নোমান (রাঃ) বলেনঃ প্রথমে আমি জীবিতদের মাঝে তাকে তালাশ করলাম কিন্তু সা'আদ (রাঃ)কে পেলাম না। তারপর-মৃতদের লাশের মাঝে সা'আদ (রাঃ)এর লাশ খোঁজ করে নিলাম কিন্তু সা'আদ (রাঃ)এর লাশের সন্ধান পেলাম না। অতঃপর আহতদের মাঝে খোঁজ করে দেখলাম সা'আদ (রাঃ) আহতদের নীচে পড়ে মৃত্যু যন্ত্রণায় কাতরাচ্ছেন। আমি নিকটে গিয়ে বললাম, হে সা'আদ! রাসূলুল্লাহ্ (সাঃ)

তোমাকে সালাম পাঠিয়েছেন। যখন সা'আদ (রাঃ) প্রিয় নবী (সাঃ) এর সালামের কথা শুনতে পেলেন, তখন তাঁর চেহারায় আনন্দের ঢেউ উথলে উঠলো। মুখে স্নিগ্ধ হাসি ফুটে উঠলো। খুশিতে আঁখিদ্বয় ডাগর হতে লাগলো। যেন মনের অজান্তেই বলে ফেললেন فُزْتُ وَرَبِّ الْكَعْبَةِ

